গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
জনসংখ্যা-১ অধিশাখা

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৪.০০৬.০০৪.২০১৮-১১৫ তারিখঃ ১৩/০৮/২০১৮ খ্রি.

বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে গঠিত জাতীয় জনসংখ্যা পরিষদ-এর সভা অনুষ্ঠান সংক্রান্ত হালনাগাদ তথ্যাদি প্রেরণ।

সূত্রঃ (১) স্মারক নং-০৩.০৭০.০১৬.০০.০০.০৪৬.২০১৬-১৫২, তারিখঃ ০৭ আগস্ট ২০১৮ খ্রি.
(২) স্মারক নং-৫৯.০০.০০০০.১১৪.০৬.০০৪.১৮.১১৪, তারিখঃ ০৯/০৮/২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং জাতীয় জনসংখ্যা পরিষদের নির্বাহী কমিটির চেয়ারম্যান মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রীর সভাপতিত্বে জাতীয় জনসংখ্যা পরিষদের নির্বাহী কমিটির সভা গত ১ জুলাই ২০১৮ তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয় (কপি সংযুক্ত)। মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে পুনর্গঠিত জাতীয় জনসংখ্যা পরিষদের অনুষ্ঠেয় প্রথম সভার আলোচ্য বিষয় নির্ধারণ করাই ছিল উক্ত সভার মূল লক্ষ্য। উক্ত সভায় অনুষ্ঠেয় সভার সম্ভাব্য আলোচ্যসূচি নিয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনার পর (অনুষ্ঠেয়) আলোচ্যসূচির খসড়া চূড়ান্ত করা হয়।

২। উক্ত পুনর্গঠিত জাতীয় জনসংখ্যা পরিষদের অনুষ্ঠেয় ১ম সভার আলোচ্যসূচি-২ নিম্নরূপঃ

আলোচ্যসূচি-২: "ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের মান উন্নয়নের মাধ্যমে সেবাদান কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে অবস্থিত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রকে আদর্শ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে রূপান্তর এবং যে সকল ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নেই, সে সকল ইউনিয়নে আদর্শ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র স্থাপনের প্রস্তাব"

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমুহের (UHFWC) মধ্যে প্রাথমিক পর্যায়ে কোন্ কোন্ UHFWC সমুহকে আদর্শ UHFWC-তে রূপান্তর করা হবে, সে বিষয়ে একটি সুনির্দিষ্ট মানদন্ড নির্ধারণপূর্বক উক্ত সংখ্যাটি চূড়ান্ত করা প্রয়োজন। ফলে আদর্শ UHFWC এর সংখ্যা নির্ধারনের লক্ষ্যে মাঠ পর্যায় থেকে তথ্যাদি সংগ্রহ করার প্রয়োজনীয়তা অনুভূত হয়। উক্ত সভায় UHFWC সমূহকে মডেল UHFWC-তে রূপান্তরের লক্ষ্যে আলোচ্যসূচিতে রূপান্তরযোগ্য মডেল UHFWC-এর সুনির্দিষ্ট সংখ্যা, জনবল চাহিদা ও অতিরিক্ত সম্ভাব্য বার্ষিক ব্যয় নির্বাহের জন্য মাঠপর্যায় হতে প্রয়োজনীয় তথ্য দ্রুত সংগ্রহ করা হচ্ছে।

৩। বর্তমানে মাঠপর্যায়ের বিদ্যমান UHFWC সমূহের মধ্য থেকে কোন্ কোন্ UHFWC-কে আদর্শ UHFWC-তে রূপান্তর করা হবে, সে লক্ষ্যে মাঠ পর্যায় হতে দ্রুত তথ্য সংগ্রহ করে উক্ত তথ্যের ভিত্তিতে আদর্শ UHFWC এর সংখ্যা নির্ধারণের পাশাপাশি জাতীয় জনসংখ্যা পরিষদের নির্বাহী কমিটির সভার আলোচ্যসূচির চূড়ান্ত খসড়া আংশিক সংশোধন করার পর উক্ত সভার স্থান, তারিখ ও সময় নির্ধারণের জন্য অনুরোধ জানিয়ে সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদনের জন্য শীঘ্রই প্রেরণ করা হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১৩/৮/২০১৮
(কাজী আ. খ. ম মহিউল ইসলাম)
অতিরিক্ত সচিব
ফোনঃ ৯৫৪৬৬৯৫

মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা

(দৃষ্টি আকর্ষণঃ পরিচালক-৩, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা)

C:\Users\Sabbir\Desktop\Office\Discipline\Letter.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জনসংখ্যা -১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়
www.mefwd.gov.bd

জাতীয় জনসংখ্যা পরিষদের নির্বাহী কমিটির ০১/০৭/২০১৮ তারিখের সভার কার্যবিবরণী ।

তারিখ ও সময় : ০১/০৭/২০১৮, রবিবার, দুপুর ১.০০ টা

স্থান : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩৮, ভবন নং-৩, ৪র্থ তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।

সভাপতি : জনাব মোহাম্মদ নাসিম, এম পি
মাননীয় মন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
এবং
চেয়ারম্যান, জাতীয় জনসংখ্যা পরিষদের নির্বাহী কমিটি ।

সভার উপস্থিতির তালিকা- পরিশিষ্ট –"ক"-তে সংযুক্ত।

জাতীয় জনসংখ্যা পরিষদের নির্বাহী কমিটির এক সভা গত ০১/০৭/২০১৮ তারিখ দুপুর ১.০০টায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং জাতীয় জনসংখ্যা পরিষদের নির্বাহী কমিটির চেয়ারম্যান জনাব মোহাম্মদ নাসিম, এম. পি সভায় সভাপতিত্ব করেন ।

২. সভাপতি শুরুতে সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন । সভাপতির আহ্বানের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) এবং জাতীয় জনসংখ্যা পরিষদের নির্বাহী কমিটির সদস্য-সচিব কাজী আ. খ. ম. মহিউল ইসলাম জনসংখ্যা পরিষদের নির্বাহী কমিটি গঠন, এর কর্মপরিধি এবং কমিটির আজকের সভার আলোচ্যসূচির বিষয়ে সভাকে অবহিত করেন। তিনি বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে পুনর্গঠিত জাতীয় জনসংখ্যা পরিষদ এর অনুষ্ঠেয় ১ম সভার আলোচ্য বিষয় নির্ধারণ করাই নির্বাহী কমিটির আজকের সভার মূল আলোচ্যসূচি । অত:পর সভাপতির অনুমতিক্রমে তিনি সভার কার্যপত্র অনুযায়ী পাওয়ার পয়েন্ট উপস্থপনার মাধ্যমে সভার কার্যক্রম পরিচালনা করেন ।

৩. আলোচনা

৩.১ সভার কার্যপত্রে বর্ণিত আলোচ্যসূচি অনুযায়ী জাতীয় জনসংখ্যা পরিষদের নির্বাহী কমিটির সদস্য-সচিব কাজী আ.খ.ম. মহিউল ইসলাম প্রতিটি বিষয় উপস্থাপন করেন। উপস্থিত সদস্যগণ আলোচনায় অংশ নিয়ে তাঁদের মূল্যবান মতামত/পরামর্শ প্রদান করেন।

৩.২. পুনর্গঠিত জাতীয় জনসংখ্যা পরিষদের অনুষ্ঠেয় ১ম সভার জন্য সম্ভাব্য আলোচ্যসূচি হিসেবে নিম্নবর্ণিত আলোচ্য বিষয় সমূহের অন্তর্ভুক্তি বিবেচনার জন্য সভায় প্রস্তাব রাখা হয়।

পুনর্গঠিত জাতীয় জনসংখ্যা পরিষদের অনুষ্ঠেয় ১ম সভার জন্য সম্ভাব্য আলোচ্যসূচি:

আলোচ্যসূচি - ১ : পরিবার কল্যাণ সম্পর্কিত বিভিন্ন কার্যক্রমের উপর উপস্থাপনা ও আলোচনা।

আলোচ্যসূচি-২ : ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের মান উন্নয়নের মাধ্যমে সেবাদান কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে অবস্থিত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রকে আদর্শ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে রূপান্তর করণের প্রস্তাব।

আলোচ্যসূচি-৩: সিটি কর্পোরেশন/পৌরসভাসমূহে, শহরের বস্তি এলাকার দরিদ্র ও অনগ্রসর জনগোষ্ঠীর মধ্যে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মাধ্যমে পরিবার পরিকল্পনা সেবাদান কার্যক্রম জোরদারকরণের ব্যবস্থা গ্রহণ।

আলোচ্যসূচি-৪: পরিবার পরিকল্পনা সেবা প্রদান, মাতৃ-স্বাস্থ্যের উন্নয়ন, স্বাস্থ্য কেন্দ্রে স্বাভাবিক প্রসব নিশ্চিতকরণ এবং প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণে মায়েদের উদ্বুদ্ধকরণে পরিবার কল্যাণ সহকারীদের কার্যপরিধি পর্যালোচনা করে Domiciliary Services এর সময় বৃদ্ধিকরণ।

আলোচ্যসূচি-৫ : ধর্মীয় বিভিন্ন প্রতিষ্ঠানের (মসজিদ, মন্দির, গির্জা, প্যাগোডা, মুসলিম নিকাহ রেজিষ্ট্রার সমিতি ইত্যাদি) দায়িত্বশীল ধর্মীয় নেতৃবৃন্দের মাধ্যমে বাল্য বিবাহরোধসহ স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সম্পর্কে সকলের কাছে গ্রহণযোগ্য নির্দেশনা বা উপদেশ প্রদান সংক্রান্ত।

আলোচ্যসূচি-৬: অনলাইন জন্ম নিবন্ধন তথ্য ব্যবস্থাপনা কার্যক্রমের সহিত সমন্বয় সাধনের মাধ্যমে পরিবার কল্যাণ সহকারী (FWA)/পরিবার কল্যাণ পরিদর্শিকা (FWV)-দের নিকট অথবা সরকারি বা বেসরকারি প্রাতিষ্ঠানিক পর্যায়ে জন্মগ্রহণকৃত শিশুদের জন্মের সাথে সাথে ট্যাব ব্যবহার করে অনলাইনে অটো জেনারেটেড জন্ম নিবন্ধন নম্বর প্রদান।

আলোচ্যসূচি-৭ : বাল্যবিবাহ রোধ, প্রজনন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সম্পর্কে মা-বাবা ও পরিবারের বয়স্ক সদস্যদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে তাদেরকে বিভিন্ন শিক্ষামূলক কর্মসূচির আওতায় আনা।

আলোচ্যসূচি-৮: বয়স্ক জনগোষ্ঠীর জন্য স্বাস্থ্য সুবিধাসহ পরিবার কল্যাণমূলক সেবা প্রদান।

আলোচ্যসূচি-৯: বিবিধ : দেশের সকল টেলিভিশন চ্যানেলসমূহে পরিবার কল্যাণ কার্যক্রমের উপর বিজ্ঞাপন/তথ্য চিত্র প্রচার।

৩.৩. সভায় উপস্থিত সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনার পর জাতীয় জনসংখ্যা পরিষদের অনুষ্ঠেয় ১ম সভার আলোচ্যসূচিতে আলোচ্যসূচি-১ অন্তর্ভূক্ত করার পক্ষে অভিমত প্রকাশ করেন।

৩.৪. আলোচনায় অংশ নিয়ে সদস্যগণ জাতীয় জনসংখ্যা পরিষদের ১ম সভার আলোচ্যসূচিতে অন্তর্ভুক্তির জন্য প্রস্তাবিত আলোচ্যসূচি-২ এর বিষয়ে ইতিবাচক মনোভাব পোষণ করেন। তবে বর্তমান ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রকে আদর্শ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র হিসেবে রূপান্তরের ক্ষেত্রে বর্তমানের চেয়ে অতিরিক্ত পদ সৃজনের প্রয়োজন রয়েছে বিধায় হঠাৎ করে অতিরিক্ত পদ সৃজন করা যৌক্তিক হবে না বিবেচনায় প্রস্তাবিত জনবল কাঠামো হতে 'পরামর্শ দানকারী

(কাউন্সিলর)' এর পদ বাদ দেয়া এবং ওয়ার্ডবয় এর সংখ্যা প্রস্তাবিত ৩ জন এর পরিবর্তে ২ জন রেখে সংশোধিত জনবল কাঠামোর প্রস্তাব করা যেতে পারে মর্মে সভায় অভিমত প্রকাশ করা হয় । তবে, যেসকল ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নেই, সেসকল ইউনিয়নে অগ্রাধিকার ভিত্তিতে আদর্শ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র স্থাপন করার উদ্যোগ নেয়া যেতে পারে এবং পর্যায়ক্রমে দেশের বিদ্যমান সকল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রকে আদর্শ কেন্দ্রে রূপান্তর করার উদ্যোগ নেয়া যেতে পারে মর্মে সভায় গুরুত্বারোপ করা হয় ।

৩.৫. আলোচনায় অংশ নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পপুলেশন সায়েন্স বিভাগের অধ্যাপক ড.এ. কে.এম. নূর-উন-নবী বলেন যে, পুনর্গঠিত জতীয় জনসংখ্যা পরিষদে ১ম সভার সম্ভাব্য আলোচ্যসূচি-২ এর বিষয়বস্তু অত্যন্ত তাৎপর্যপূর্ণ। সিটি কর্পোরেশন/পৌরসভাসমূহে স্থানীয় সরকার বিভাগ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের কার্যকর সমন্বয়ের মাধ্যমে পরিবার পরিকল্পনা সেবা জোরদারকরণের উপর তিনি গুরুত্বারোপ করেন। স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক ডা: আবুল কালাম আজাদ এ প্রসংগে বলেন যে, শহরাঞ্চলে পরিবার পরিকল্পনা সেবা প্রদানের জন্য স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সুনির্দিষ্ট সাংগঠনিক কাঠামো নেই। স্বাস্থ্য অধিদপ্তর শহরাঞ্চলে রোগ নিয়ন্ত্রণ, টীকাদান সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করে থাকে। পক্ষান্তরে পরিবার পরিকল্পনা অধিদপ্তর পরিবার পরিকল্পনা সেবা প্রদান করে থাকে। তিনি আরও বলেন যে, পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক মাঠ পর্যায়ে Structured পদ্ধতিতে পরিবার পরিকল্পনা সেবা দিয়ে থাকে, কিন্তু শহরাঞ্চলে Structured পদ্ধতি ছাড়া এ সেবা দিয়ে থাকে। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মহাপরিচালক ডা: কাজী মোস্তফা সারোয়ার বলেন যে, পরিবার পরিকল্পনা অধিদপ্তর মাঠ পর্যায়ে Structured পদ্ধতিতে এবং শহরাঞ্চলে Non-Structured পদ্ধতিতে পরিবার পরিকল্পনা সেবা প্রদান করে আসছে। শহরাঞ্চলে পরিবার পরিকল্পনা সেবা প্রদান করার জন্য ওয়ার্ড ভিত্তিক Structured সিস্টেম তৈরি করা প্রয়োজন মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন। পপুলেশন কাউন্সিল এর কান্ট্রি ডিরেক্টর ড. ওবায়দুর রব বলেন যে, সিটি কর্পোরেশনসমূহ বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থাসমূহের সহায়তায় পরিবার পরিকল্পনা সেবা প্রদান করছে। পরিবার পরিকল্পনা অধিদপ্তর এবং সিটি কর্পোরেশনের সুষ্ঠু সমন্বয়ের মাধ্যমে এ সেবা প্রদান করা প্রয়োজন।

৩.৬ আলোচনায় অংশ নিয়ে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব ড. জাফর আহমেদ চৌধুরী বলেন যে, সিটি কর্পোরেশন/পৌরসভাসমূহের কার্যক্রম পরিবার পরিকল্পনা সেবা প্রদানের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মধ্যে সুষ্ঠু সমন্বয়ের প্রয়োজনীয়তা রয়েছে। তিনি আরও বলেন যে, সিটি কর্পোরেশন/পৌরসভাসমূহে ওয়ার্ড ভিত্তিক পরিবার কল্যাণ কেন্দ্র স্থাপনের মাধ্যমে পরিবার পরিকল্পনা সেবা প্রদান কার্যক্রম যৌথভাবে স্থানীয় সরকার বিভাগ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাধ্যমে পরিচালিত হতে পারে। সিটি কর্পোরেশনের সভায় পরিবার পরিকল্পনা অধিদপ্তরের প্রতিনিধিত্ব রাখার বিষয়ে তিনি পদক্ষেপ নিবেন মর্মে সভাকে জানান। তিনি আরও উল্লেখ করেন যে, Asian Development Bank –এর সহায়তায় Flagship Project এর আওতায় পরিবার পরিকল্পনা সেবা প্রদানে স্থানীয় সরকার বিভাগ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক একত্রে কাজ করা যেতে পারে। তিনি সিটি কর্পোরেশনের সভায় প্রযোজ্য ক্ষেত্রে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের প্রতিনিধির অংশগ্রহণ করার পক্ষে মত প্রকাশ করেন। তিনি পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে উক্ত সভায় অংশগ্রহণের প্রয়োজনীয়তা উল্লেখ করে স্থানীয় সরকার বিভাগে একটি পত্র প্রেরণের জন্য অনুরোধ জানান । তাছাড়া, পরিবার কল্যাণ সক্রান্ত সেবা প্রদানে স্থানীয় সরকার বিভাগ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়- এর মধ্যে সুষ্ঠু সমন্বয় প্রয়োজন মর্মে তিনি উল্লেখ করেন ।

৩.৭ আলোচনায় অংশ নিয়ে মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বলেন যে, সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহে কার্যকর পরিবার পরিকল্পনা সেবা প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মধ্যে সুষ্ঠু সমন্বয় থাকা প্রয়োজন। তিনি প্রস্তাবিত আলোচ্যসূচি-৩ জাতীয় জনসংখ্যা পরিষদের ১ম সভার আলোচ্যসূচিতে অন্তর্ভুক্তির পক্ষে মনোভাব ব্যক্ত করেন। সার্বিক আলোচনায় সম্ভাব্য আলোচ্যসূচি-৩ জাতীয় জনসংখ্যা পরিষদের ১ম সভার আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত করা যেতে পারে মর্মে উপস্থিত সকলে একমত পোষণ করেন।

৩.৮ জাতীয় জনসংখ্যা পরিষদের ১ম সভার আলোচ্যসূচিতে অন্তর্ভুক্তির জন্য সম্ভাব্য আলোচ্যসূচি-৪ এর বিষয়ে আলোচনায় অংশ নিয়ে অধ্যাপক ড. এ,কে,এম নুর-উন- নবী বলেন যে, পরিবার কল্যাণ পরিদর্শিকা (FWV)-দের বাড়ি বাড়ি পরিদর্শনের দিন সংখ্যা বৃদ্ধি করা প্রয়োজন। এ বিষয় পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মহাপরিচালক পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রমের দৃশ্যমানতা বৃদ্ধির প্রয়োজন রয়েছে উল্লেখ করে পরিবার কল্যাণ পরিদর্শিকাদের domiciliary services-এর সময়সীমা পুনর্বিন্যাস করার উপর গুরুত্বারোপ করেন। এ বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক বলেন যে, পরিবার কল্যাণ পরিদর্শিকাদের domiciliary services এর সময় বৃদ্ধির বিষয়ে Community Clinic কর্তৃপক্ষের সাথে পরামর্শ/আলোচনা করা প্রয়োজন। তিনি আরও বলেন এ বিষয়টি পুনর্গঠিত জাতীয় জনসংখ্যা পরিষদের ১ম সভার আলোচ্যসূচিতে অন্তর্ভুক্তির প্রয়োজন নেই বরং তা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় পর্যায়ে নিস্পত্তি করা যেতে পারে। উপস্থিত সকলে এ বিষয়ে একমত পোষণ করেন। সার্বিক আলোচনায় পরিবার কল্যাণ পরিদর্শিকাদের domiciliary services-এর সময় বৃদ্ধি সংক্রান্ত সম্ভাব্য আলোচ্যসূচি-৪ জাতীয় জনসংখ্যা পরিষদের ১ম সভার আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত না করার পক্ষে উপস্থিত সকলে একমত হন।

৩৯. জাতীয় জনসংখ্যা পরিষদের ১ম সভার আলোচ্যসূচিতে প্রস্তাবিত আলোচ্যসূচি-৫, ৬, ৭, ৮ ও ৯ অন্তর্ভুক্ত করা যায় মর্মে উপস্থিত সদস্যগণ মতামত ব্যক্ত করেন।

৩.১০ বিবিধ বিষয়ে আলোচনায় অংশ নিয়ে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মহাপরিচালক ডা: কাজী মোস্তফা সারোয়ার পরিবার পরিকল্পনা সংক্রান্ত বর্তমান শ্লোগান 'দু'টি সন্তানের বেশি নয়, একটি হলে ভালো হয়' এর পরিবর্তে পূর্বের ব্যবহৃত শ্লোগান ' ছেলে হোক, মেয়ে হোক দুটি সন্তানই যথেষ্ট' ব্যবহার করার প্রস্তাব রাখেন। এ বিষয়ে অধ্যাপক ড. এ.কে.এম. নূর-উন-নবী বলেন যে, পূর্বের শ্লোগানে ফিরে যাওয়া যেতে পারে, কেননা এতে Gender ইস্যু রয়েছে। এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব ড. জাফর আহমেদ চৌধুরী পরিবার পরিকল্পনা সংক্রান্ত পূর্বের শ্লোগানটিতে ফিরে যাওয়ার পক্ষে মতামত ব্যক্ত করে বলেন যে, পূর্বের শ্লোগানটিতে সন্তানের ক্ষেত্রে Gender জনিত ভারসাম্যের কথা উল্লেখ রয়েছে। বিবিধ আলোচনায় অংশ নিয়ে ডা: রওশন আরা বেগম, প্রাক্তন সভাপতি, ওজি এস বি বলেন যে, মাতৃমৃত্যুর অন্যতম কারণ অতিরিক্ত রক্তক্ষরণ ও একলামশিয়া। এ সমস্যাবলী দূরীকরণে কার্যকর ও প্রয়োজনীয় সংখ্যক ঔষধের সরবরাহের ও প্রাপ্যতার উপর তিনি গুরুত্ব আরোপ করেন। কেননা এতে একদিকে যেমন মাতৃমৃত্যুর হার হ্রাস পাবে, অন্যদিকে এসডিজি অর্জনেও তা অবদান রাখবে।

৪. **সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনাশেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

৪.১. পুনর্গঠিত জাতীয় জনসংখ্যা পরিষদের ১ম সভার আলোচ্যসূচিতে নিম্নবর্ণিত আলোচ্য বিষয়সমূহ অন্তর্ভুক্ত করা যেতে পারে:

আলোচ্যসূচি-১: দেশে পরিবার কল্যাণ কার্যক্রম উল্লেখযোগ্য অর্জনসমূহ উপস্থাপন।

আলোচ্যসূচি-২: ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রের মান উন্নয়নের মাধ্যমে সেবাদান কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে অবস্থিত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রকে আদর্শ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে রূপান্তর এবং যে সকল ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নেই, সে সকল ইউনিয়নে আদর্শ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র স্থাপনের প্রস্তাব।

আলোচ্যসূচি-৩: সিটি কর্পোরেশন/পৌরসভাসমূহে ওয়ার্ড ভিত্তিক পরিবার কল্যাণ কেন্দ্র স্থাপনপূর্বক পরিবার পরিকল্পনা অধিদপ্তর এবং স্থানীয় সরকার বিভাগের মাঝে সুষ্ঠু সমন্বয়ের মাধ্যমে পরিবার পরিকল্পনা সেবা জোরদারকরণ।

আলোচ্যসূচি-৪ : ধর্মীয় বিভিন্ন প্রতিষ্ঠানের (মসজিদ, মন্দির, গির্জা, প্যাগোডা, মুসলিম নিকাহ রেজিষ্ট্রার সমিতি ইত্যাদি) দায়িত্বশীল ধর্মীয় নেতৃবৃন্দের মাধ্যমে বাল্য বিবাহরোধসহ স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সম্পর্কে সকলের কাছে গ্রহণযোগ্য নির্দেশনা বা উপদেশ প্রদান সংক্রান্ত ।

আলোচ্যসূচি-৫: অনলাইন জন্ম নিবন্ধন তথ্য ব্যবস্থাপনা কার্যক্রমের সহিত সমন্বয় সাধনের মাধ্যমে পরিবার কল্যাণ সহকারী (FWA)/পরিবার কল্যাণ পরিদর্শিকা (FWV)-দের নিকট অথবা সরকারি বা বেসরকারি প্রাতিষ্ঠানিক পর্যায়ে জন্মগ্রহণকৃত শিশুদের জন্মের সাথে সাথে ট্যাব ব্যবহার করে অনলাইনে অটো জেনারেটেড জন্ম নিবন্ধন নম্বর প্রদান ।

আলোচ্যসূচি - ৬ : বাল্যবিবাহ রোধ, প্রজনন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সম্পর্কে মা-বাবা ও পরিবারের বয়স্ক সদস্যদের সচেতনতা বৃদ্ধিতে তাদেরকে বিভিন্ন শিক্ষামূলক কর্মসূচির আওতায় আনা ।

আলোচ্যসূচি -৭: বয়স্ক জনগোষ্ঠীর জন্য স্বাস্থ্য সুবিধাসহ পরিবার কল্যাণমূলক সেবা প্রদান ।

আলোচ্যসূচি- ৮: দেশের সকল টেলিভিশন চ্যানেলসমূহে পরিবার কল্যাণ কার্যক্রমের উপর বিজ্ঞাপন/তথ্য চিত্র প্রচার।

৪.২ পরিবার পরিকল্পনা সংক্রান্ত বর্তমান শ্লোগান 'দু' টি সন্তানের বেশি নয়, একটি হলে ভালো হয়' এর পরিবর্তে শ্লোগান 'ছেলে হোক, মেয়ে হোক, দুটি সন্তানই যথেষ্ট' ব্যবহার করার বিষয়ে একটি সুনির্দিষ্ট প্রস্তাবনা (যৌক্তিকতাসহ) পরিবার পরিকল্পনা অধিদপ্তর স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করবে ।

৫. আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেণ ।

স্বাক্ষরিত/-
০৮/০৮/২০১৮
(মোহাম্মদ নাসিম,এমপি)
মন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জনসংখ্যা -১ অধিশাখা

স্মারক নং-৫৯.০০.০০০০.১১৪.০৬.০০৪.১৮-১১৪ তারিখ: ০৯/০৮/২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সদস্য (আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ), পরিকল্পনা কমিশন।
১০। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৭। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
১৮। মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট), শেখ সাহেব বাজার, আজিমপুর, ঢাকা।
১৯। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
২০। মহাপরিচালক, বাংলাদেশ বেতার, আগারগাঁও ,ঢাকা।
২১। সভাপতি, বাংলাদেশ পরিবার পরিকল্পনা সমিতি
২২। প্রফেসর ড. আবুল বারকাত, অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় ও প্রধান উপদেষ্টা, হিউম্যান রিসার্চ ভেডেলপমেন্ট সেন্টার, হাউজ #০৫, রোড #০৮, মোহাম্মদিয়া হাউজিং সোসাইটি, মোহাম্মদপুর, ঢাকা।
২৩। ড. শেখ নাজমুল হুদা, কান্ট্রি প্রজেক্ট ম্যানেজার, ফিস্টুলা কেয়ার প্লাস প্রজেক্ট, এনজেন্ডার হেলথ বাংলাদেশ, কনকর্ড রয়েল কোর্ট (৬ষ্ঠ তলা), বাড়ী নং-৪০, সড়ক নং-১৬ (নতুন), ধানমন্ডি, ঢাকা।
২৪। ড. ওবায়দুর রব, কান্ট্রি ডিরেক্টর, পপুলেশন কাউন্সিল অফিস, বাংলাদেশ, বাড়ী নং-২১, সড়ক নং-১১৮, গুলশান -১, ঢাকা।
২৫। জনাব মো: মাসুদুর রহমান, সভাপতি, ফ্যামিলি প্ল্যানিং এসোসিয়েশন অব বাংলাদেশ (এফপিএবি)), ২, নয়াপল্টন,ঢাকা -১০০০
২৬। প্রফেসর রওশন আরা বেগম, সাবেক সভাপতি, অবসটেট্রিক্যাল এন্ড গাইনীকোলজীক্যাল সোসাইটি অব বাংলাদেশ।
২৭। প্রফেসর ড.এ কে এম নূরুন নবী, ডিপার্টমেন্ট অব পপুলেশন সাইন্সেস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২৮। প্রফেসর ড. কাওসার আফসানা, পরিচালক, হেলথ, নিউট্রিশন এন্ড পপুলেশন, ব্রাক, ৭৫, মহাখালী, ঢাকা।
২৯। মিসেস মুসতারি খান, নির্বাহী পরিচালক, কনসার্নড উইমেন ফর ফ্যামিলি ডেভেলপমেন্ট, প্লট#১৬-১৮, ব্লক#ই, রোড#১, বনশ্রী, রামপুরা, ঢাকা।
৩০। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য পরিবার কল্যাল মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩৭। সিস্টেম এনালিস্ট,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা (নোটিশটি স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ প্রদানের অনুরোধসহ।

৩৮। অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২/০৮/২০১৮

(শাব্বীর হোসেন)
যুগ্মসচিব
টেলিফোন : ৯৫৪০১০৯